# সংবিধান নিয়ে গোয়ার আর্চবিশপের মন্তব্য এড়িয়ে গেলেন শাহ

**নয়াদিল্লি, ৭ জুন :** সংবিধান বিপন্ন, মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে বলে গোয়ার আর্চবিশপ সম্প্রতি যে অভিযোগ করেছেন, তা নিয়ে মন্তব্য করা থেকে বিরত থাকলেন বিজেপির জাতীয় সভাপতি অমিত শাহ। সাংবাদিকরা তাঁকে এ বিষয়ে চেপে ধরলেও কার্যত বিষয়টি এড়িয়েই গেলেন শাহ। যদিও বিজেপি সভাপতি তাঁর সাক্ষাৎকারে প্রশংসায় ভরিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে। শাহ'র দাবি, দেশকে তিনি অগ্রগতির দিকে ঠেলে দিয়েছেন। এমনকি বিরোধীরা কোনওরকম চ্যালেঞ্জ করতে পারে বলে যে কথা বলা হচ্ছে, তাও খারিজ করে দিয়েছেন।

একটি বিশেষ সাক্ষাৎকারে শাহ গত চার বছর ধরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরিচালিত বিজেপি সরকার যে চমৎকার কাজ করছে, তার উল্লেখ করে সরকারের ভূয়সী প্রশংসা করেন। একইসঙ্গে ২০১৯-এর লোকসভা নির্বাচনে বিরোধী দলগুলি গেরুয়া পার্টির দিকে যে চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছে, সেই চ্যালেঞ্জও গ্রহণ করেন। বিরোধীদের ঐক্য নিয়ে উপহাসও করেন তিনি।

এই সাক্ষাৎকারে তিনি তীব্র সমালোচনা করেন কংগ্রেসের। কংগ্রেসের সমালোচনা করে বিজেপির জাতীয় সভাপতি বলেন, গত ৭০ বছর ধরে শুধুমাত্র জাতপাতের উপর নির্ভর করে রাজনীতি করেছে এই দলটি। নরেন্দ্র মোদী ক্ষমতায় আসার পর জাতপাতের রাজনীতির অবসান হয়েছে বলেও দাবি করেন তিনি। ২০১৪ সালে নরেন্দ্র মোদী পরিচালিত বিজেপি সরকার ক্ষমতায় আসার পর দেশজুড়েই রাজনীতিতে দক্ষতার বিষয়টি এসেছে। বিজেপি সভাপতির দাবি, তাঁর দৃঢ় বিশ্বাস, মোদী পরিচালিত বিজেপি সরকার রাজনীতিতে যে দক্ষতার ধারণা তৈরি করেছে তা ভবিষ্যতেও বজায় থাকবে।

শাহ'র আরও দাবি, জাতপাতের ভিত্তিতে মানুষের মধ্যে বিভাজন তৈরির যে চেষ্টা হয়েছে, বাস্তবে তার কোনও প্রভাব পড়েনি। রাজনীতিতে উন্নতির মাধ্যমে তাঁরা এর অবসান চান বলে দাবি করেন শাহ। এই প্রসঙ্গেই গোয়ার আর্চবিশপের কথা আসে। গোয়ার আর্চবিশপ জানিয়েছে, ভারতের সংবিধান বিপন্ন। মানবাধিকার ক্রমাগত লঙ্ঘিত হচ্ছে।

কিন্তু মানবাধিকার বিপন্ন ও সংবিধান লঙ্ঘিত হচ্ছে কি না, জানতে চাওয়া হলে তিনি কোনও মন্তব্য করতে চাননি। বরং পাল্টা শাহ দাবি করেন, ভারতে ধর্মনিরপেক্ষতা এবং বাক্‌প্রকাশের স্বাধীনতা রয়েছে। সরকার বাক্‌প্রকাশের স্বাধীনতাকে দৃঢ়ভাবে সমর্থন করে। তারপরই তিনি বলেন, "এর অর্থ এই নয় যে, দেশকে হাজার টুকরো করে দিতে হবে। সারা দেশের কৃষকরা ১০ দিন ধরে যে বিক্ষোভ আন্দোলনের কর্মসূচি নিয়েছেন, সে প্রসঙ্গে শাহ বলেন, কৃষকরা যেসব সমস্যার মুখোমুখি হচ্ছেন, সেগুলি সমাধানের চেষ্টা করা হচ্ছে। তাঁর আরও দাবি, বাক্‌স্বাধীনতা নিয়ে যারা প্রশ্ন তুলছেন তাঁদের উদ্দেশ্যে পাল্টা প্রশ্ন করে গত ৭০ বছরে কেউ কৃষকদের ন্যূনতম সহায়ক মূল্য দেড়গুণও বাড়ানি। কিন্তু মোদী সরকার খরিফ মরশুমে তা দেড়গুণ বাড়িয়ে দিয়েছেন। এরপরও কী করে অভিযোগ করা হচ্ছে, কৃষকদের জন্য ন্যূনতম সহায়ক মূল্য বাড়ায়নি মোদী সরকার। কৃষকদের জন্য বিজেপি সরকার যে কতকিছু করছে, সেকথা বলতে গিয়ে শাহ দাবি করেন, কৃষকরা যেসব সমস্যার মুখোমুখি হচ্ছেন, তার সমাধানের জন্য একগুচ্ছ ব্যবস্থা নেওয়া হয়েছে। তৈরি হয়েছে সয়েল হেল্থ কার্ড, প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা। এছাড়া এখন খরিফ ও রবি দুই মরশুমেই কৃষকদের ন্যূনতম সহায়ক মূল্য দেড় গুণ বাড়ানো হয়েছে।

শাহ'র সাক্ষাৎকারে বাদ যায়নি নাগপুরে আরএসএসের সভায় প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখার্জির যোগদানের বিষয়টি। বিজেপি সভাপতির মতে, এ নিয়ে কোনও বিতর্ক হওয়া উচিত নয়। পন্ডিত জওহরলাল নেহরু, মহাত্মা গান্ধিও আরএসএসের প্রতিনিধিদের সঙ্গে দেখা করেছিলেন। পাল্টা প্রশ্ন করে তিনি জানতে চেয়েছেন, 'প্রণববা যদি আরএসএসের ইভেন্টে যোগ দেন, তবে ক্ষতি কী? নিজেই মজা করে উত্তর দিয়ে বলেছেন, হয়তো এর ফলে উপনির্বাচনে হার হতে পারে কংগ্রেসের। কারণ ১৬টি রাজ্যের মধ্যে কংগ্রেসের হাতে আছে মাত্র দু'টি। ১৬টি রাজ্য কংগ্রেসের কাছ থেকে ছিনিয়ে নিয়েছে বিজেপি।

মধ্যপ্রদেশ, রাজস্থান ও ছত্তিশগড়ে আসন্ন বিধানসভা নির্বাচনে প্রতিষ্ঠানবিরোধী ভোট পড়তে পারে কি না, জানতে চাওয়া হলে শাহ উত্তর দেন, এই তত্ত্ব সর্বত্র খাটে না। ওই রাজ্যগুলির বিধানসভা নির্বাচনে দল সাফল্য পাবে বলে দাবি করেন তিনি। মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রভাব পশ্চিমবঙ্গে সীমিত থাকবে, যেমন শরদ পাওয়ারের প্রভাব মহারাষ্ট্রেই সীমিত রয়েছে।

*ওয়াহাটির জনতা ভবনে বৃক্ষরোপণ অনুষ্ঠানের অংশ হিসেবে অসমের পরিবেশ ও বনমন্ত্রী পরিমল শুক্লা বৈদ্য চারাগাছ রোপণ করছেন।*

## শরদ যাদবের বেতন বন্ধের নির্দেশ দিল সুপ্রিম কোর্ট

**নয়াদিল্লি, ৭ জুন :** জনতা দলের (সংযুক্ত) প্রাক্তন সভাপতি শরদ যাদবের পক্ষে বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের নির্দেশ রীতিমতো হতাশা বয়ে নিয়ে এল। তবে সুপ্রিম কোর্ট দিল্লি হাইকোর্টের রায়কে পুরোপুরি বহাল না রেখে আংশিক বহাল রেখেছে। বৃহস্পতিবার এক নির্দেশে শীর্ষ আদালত যাদবের বেতন, অ্যালাউন্স এবং অন্যান্য আর্থিক সুযোগসুবিধার উপর স্থিতাবস্থা জারি করেছে অর্থাৎ আপাতত এইসব সুযোগসুবিধা তিনি পাবেন না। দিল্লি হাইকোর্ট সম্প্রতি রায় দিয়ে বিমান ও রেলের টিকিট সহ বেতন এবং অন্যান্য সুযোগসুবিধা বন্ধের নির্দেশ দিয়েছিল। সুপ্রিম কোর্ট সেই রায়ের সামান্য পরিবর্তন করে। আপাতত সুপ্রিম কোর্ট দিল্লি হাইকোর্টের রায়ের সংশোধন করে ১২ জুলাই পর্যন্ত দিল্লির সরকারি বাংলো ছাড়তে হবে না বলেও জানিয়েছে। এছাড়া রাজ্যসভায় তার সদস্যপদ কেড়ে নেওয়ার জন্য দল যে সিদ্ধান্ত নিয়েছে তাকে চ্যালেঞ্জ জানিয়ে যাদব দিল্লি হাইকোর্টে মামলা করেছেন। সেই মামলার শুনানি চালানোর নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। প্রসঙ্গত, এই দিল্লি হাইকোর্টের নির্দেশটি দিয়েছিল আদর্শ কুমার গোয়েল ও অশোক ভূষণের সমন্বয়কারী বেঞ্চ। যাদব বিরোধীদের সঙ্গে হাত মেলানোর পরই বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের সঙ্গে তাঁর সম্পর্ক ছিন্ন হয়। কারণ নীতীশ এনডিএ জোটের সঙ্গে হাত মিলিয়ে বিহারে নতুন মন্ত্রিসভা গড়ে তুলেছেন।

## বিহার বোর্ডের পরীক্ষাতেও শীর্ষে কল্পনা কুমারী

**পাটনা, ৭ জুন :** ন্যাশনাল এলিজিবিটি কাম এনট্রান্স টেস্ট বা নিট ২০১৮তে শীর্ষস্থান দখল করেছে বিহারের কল্পনা কুমারী। দিঘার স্টেট এডুকেশন বোর্ডের দ্বাদশ শ্রেণির ইন্টারমিডিয়েট পরীক্ষাতেও সে শীর্ষস্থানটি পেল। প্রসঙ্গত, বুধবার এই ফলাফল প্রকাশিত হয়। বিহার বোর্ডের সরকারি ওয়েবসাইট থেকেই কল্পনা কুমারীর সাফল্যের কথা জানা যায়। ৪৩৪ নম্বর পেয়ে বিজ্ঞান বিভাগের ছাত্রী কল্পনা সব বিভাগ মিলিয়ে প্রথম হয়েছে। এর আগে নিট পরীক্ষায় কল্পনা কুমারী টপ র‍্যাঙ্ক করায় তাঁকে নিয়ে বিভিন্ন প্রচারমাধ্যমে প্রচুর আলোচনা হয়। এবার বিহার বোর্ডের পরীক্ষাতেও সেরার স্থান পেয়েছে সে। বিহার বোর্ডের বিজ্ঞান বিভাগের অন্য টপাররা হল অভিনব এবং রুদ্রেশ রাজ ভাম্রী। বাণিজ্য বিভাগে প্রথম হয়েছে নিধি সিনহা। নিধি মুজফ্ফরপুরের আরডিএস কলেজের ছাত্রী। কলা বিভাগে শীর্ষ স্থানটি পেয়েছে কুসুম কুমারী। তার প্রাপ্ত নম্বর ৪২৪।

## প্রণবদা'র কাছে আরএসএসের ইভেন্টে যোগ দেওয়া আশা করেন না প্যাটেল

**নয়াদিল্লি, ৭ জুন :** বৃহস্পতিবার সন্ধে ৭টাতে নাগপুরে আরএসএসের সদর দফতরে বিশেষ ইভেন্টে ভাষণ দিলেন প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়। তবে তার আগে নিজের মেয়ে সহ দলের ছোট-বড়-মেজো বিভিন্ন নেতা প্রণব মুখোপাধ্যায়কে নাগপুরে না যেতে নানাভাবে অনুরোধ করেন। যেমন কংগ্রেসের রাজ্যসভার সাংসদ আহমেদ প্যাটেল তাঁর প্রিয় প্রণবদার উদ্দেশে বলেন, নাগপুরের ইভেন্টে তিনি যোগ দেবেন, এমনটা আশা করাই যায় না। সোনিয়া গান্ধির এই রাজনৈতিক পরামর্শদাতা গুজরাত থেকেই কংগ্রেসের রাজ্যসভার সাংসদ নির্বাচিত হয়েছেন। অনেকেই প্যাটেলের অনুরোধের মধ্যে গান্ধি পরিবারের ছায়া দেখছেন। কারণ সোনিয়া বা রাহুল এখনও ব্যক্তিগতভাবে তাকে নাগপুরে না যাওয়ার জন্য অনুরোধ জানাননি।

যদিও অমিত শাহের নেতৃত্বে বিজেপি নেতারা প্রাক্তন রাষ্ট্রপতির নাগপুরে আরএসএসের ইভেন্টে যোগ দেওয়াকে মোটেই খারাপ চোখে দেখছেন না। তাঁরা দাবি করেছেন, মহাত্মা গান্ধি থেকে প্রাক্তন রাষ্ট্রপতি জাকির হুসেন জওহরলাল নেহরু, জয়প্রকাশ নারায়ণ, ভারতীয় সেনাবাহিনীর প্রধান জেনারেল কারিয়াপ্পা সহ বহু বিশিষ্ট মানুষই নানা সময়ে আরএসএসের ইভেন্টে প্রধান অতিথি হয়ে এসেছেন। তখন কোনও সমস্যা হয়নি। তবে এখন অহেতুক কংগ্রেস নেতারা কেন জলঘোলা করছেন?

আরএসএসের অন্যতম প্রতিষ্ঠাতা কে ডি হেডগেওয়ারের বাড়িতে বিকেল নাগাদ পৌঁছে যান প্রাক্তন রাষ্ট্রপতি। এদিকে কংগ্রেস নেতাদের আরএসএসের আমন্ত্রণপত্র গ্রহণ করায় প্রণববাবুর বিরুদ্ধে রু কোঁচকাতে শুরু করেছে গত কয়েকদিন ধরেই। এমনকি গতকাল তাঁর মেয়ে শর্মিষ্ঠা মুখার্জিও ট্যুইট করে বাবার না যাওয়ার পক্ষেই মত প্রকাশ করেছেন। শর্মিষ্ঠা বিজেপিতে যোগ দিচ্ছেন বলে যে গুজব রটেছিল তাও খারিজ করে দেন প্রণব। তবে আর এক প্রবীণ কংগ্রেস নেতা পি চিদম্বরম কিছুটা সংযত হয়েই বলেছেন, প্রণববাবুর আরএসএসের সদর দফতরে যাওয়া উচিত এবং তাদের বুঝিয়ে দেওয়া উচিত, আরএসএসের তত্ত্বে কী কী ভুল রয়েছে। আরএসএসের তরফে কিন্তু আগেই বলা হয়েছে, তাদের আমন্ত্রণ গ্রহণ করে প্রাক্তন রাষ্ট্রপতি তাঁর মহানুভবতা প্রমাণ করেছেন। যদিও যাবতীয় সমালোচনার উত্তর দিয়ে প্রাক্তন রাষ্ট্রপতি বলেছেন, ওই ইভেন্টে ভাষণ দেওয়ার সময়ই তিনি তাঁর চিন্তাধারা প্রকাশ করবেন।

## আবু সালেমকে ৭ বছরের কারাদণ্ড

**নয়াদিল্লি, ৭ জুন :** তিশ হাজারি আদালত অপরাধ জগতের অন্যতম ডন আবু সালেমকে ৭ বছরের কারাদণ্ড দিল। দিল্লির এক ব্যবসায়ীর কাজ থেকে ৫ কোটি টাকা দাবি করার অপরাধেই তার এই কারাদণ্ড হল। পুলিশ তাঁর বিরুদ্ধে অভিযোগ জানিয়ে বলেছিল, আবু সালেম দিল্লির ওই ব্যবসায়ীর কাছ থেকে নিয়মিত 'প্রোটেকশন মানি' হিসেবে অর্থ চাইতে। এই টাকা দেওয়া না হলে তার পরিবারের সদস্যদের হত্যার হুমকিও দিচ্ছে সালেম। এরপরই সালেমকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে পুলিশ ভারতীয় দণ্ডবিধির ৩৮৭, ৫০৬ ধারায় মামলা রুজু করে। প্রসঙ্গত, এর আগেই সালেম মহারাষ্ট্র কন্ট্রোল অফ অর্গানাইজড ক্রাইম অ্যাক্টে অভিযুক্ত হয়েছিল। তবে সালেমের ৭ বছর কারাদণ্ড হলেও ভয় দেখিয়ে টাকা আদায়ের ঘটনায় তাঁর অন্য সঙ্গীরা ছাড়া পেয়েছে। সালেমের যেসব সঙ্গী ছাড়া পেয়েছে, তারা হল পবন কুমার মিত্তল ওরফে রাজা ভাই, মহম্মদ আসরফ ওরফে বাবলু, মজিদ খান ওরফে রাজু ভাই এবং চন্দ্রল মেহতা। আবু সালেমের বিরুদ্ধে অভিযোগ অবশ্য এই নতুন নয়। ১৯৯৩ সালে মুম্বই ধারাবাহিক বিস্ফোরণ মামলাতেও অভিযুক্ত হয় অপরাধ জগতের এই ডন। তার সম্বন্ধে আরও মারাত্মক নানা তথ্যও রয়েছে পুলিশের কাছে। প্রসঙ্গত, গত ৩০ মে এই অর্থ আদায়ের মামলার শুনানি ছিল। ওই মামলাতেই সালেমকে ৭ বছরের কারাদণ্ড দিয়েছে দিল্লির তিশ হাজারি আদালত। ছাড়া পেয়েছে তার সঙ্গীরা।

## বিয়ের ৪৮ ঘণ্টার মধ্যে এনআরআই-দের রেজিস্ট্রি বাধ্যতামূলক : মানেকা

**নয়াদিল্লি, ৭ জুন :** অনাবাসী ভারতীয়দের বিরুদ্ধে প্রায়ই স্ত্রীকে পরিত্যাগ করে যাওয়ার অভিযোগ ওঠে। তাই এবার এনআরআইদের বিরুদ্ধে লুক-আউট নোটিস ইস্যু করা হচ্ছে। মানেকা গান্ধির মহিলা ও শিশু ক্ষমতায়ন মন্ত্রক এনআরআই স্বামীদের বিরুদ্ধে ৬টি লুক-আউট সার্কুলার ইস্যু করেছে। পাঁচটি ক্ষেত্রেই প্রয়োজন মনে করলেই বিদেশ মন্ত্রক পাসপোর্ট ও ভিসা বাতিল করতে পারবে বলেও মানেকা জানিয়েছেন। এ নিয়ে আগামী ১১ জুন একটি বৈঠকও ডাকা হয়েছে। অনাবাসী স্বামীদের বিরুদ্ধে প্রায়ই স্ত্রীকে দেশে পরিত্যাগ করে বিদেশে পালিয়ে যাওয়ার অভিযোগ ওঠে। এই ঘটনা বন্ধ করতে তৎপর হয়েছে কেন্দ্রীয় মহিলা ও শিশুদের ক্ষমতায়ন মন্ত্রক। দফতরের মন্ত্রী মানেকা গান্ধি জানিয়েছেন, এনআরআইদের সঙ্গে বিয়ের ৪৮ ঘণ্টার মধ্যে তা রেজিস্ট্রি করতে হবে। রেজিস্ট্রারদের মন্ত্রকে এই বিয়ের সম্পর্কে যাবতীয় তথ্য পাঠাতে হবে। এর ভিত্তিতেই কেন্দ্রীয় সরকার ডেটা বেস তৈরি করবে বলেও জানিয়েছেন তিনি। মানেকার দাবি, ভারত একমাত্র পাঞ্জাব ছাড়া আর কোনও রাজ্যে অনাবাসীদের সঙ্গে বিয়ে নথিভুক্ত করা হয় না। সেই কারণে এনআইআরদের সঙ্গে বিয়ের ৪৮ ঘণ্টার মধ্যে তা রেজিস্ট্রি করার বিষয়টি নথিভুক্ত করা হচ্ছে। মানেকা আরও জানিয়েছেন, এই আইন জারির আগে তাঁর মন্ত্রক বিদেশ, স্বরাষ্ট্র ও আইন ও বিচার মন্ত্রকের সঙ্গে দীর্ঘ আলোচনা চালিয়েছে। বিবাহ সংক্রান্ত বিবাদের নিষ্পত্তির জন্য শেষ পর্যন্ত তারা এই সিদ্ধান্ত নিয়েছেন। জাতীয় মহিলা কমিশনের সুপারিশ এবং আইএনএ অর্থাৎ ইনট্রিগ্রেটেড নোডাল এজেন্সি যেসব সিদ্ধান্ত নিয়েছে তার ভিত্তিতেই লুক-আউট সার্কুলারগুলি ইস্যু করা হয়েছে। মানেকা বলেছেন, এইসব সার্কুলারের ভিত্তিতে স্ত্রীরা এনআরআই স্বামীর গতিবিধির উপর নজর রাখতে পারবেন। মানেকা আরও বলেছেন, নির্ভয়া ফান্ডে মেয়েদের নিরাপত্তা ও সুরক্ষার জন্য ৬০০০ কোটি টাকা রাখা হয়েছে। এই তহবিলের অর্থে মেয়েদের নিরাপত্তা ও সুরক্ষার ব্যবস্থা করা হবে।

## তুতিকোরিনে পালানিস্বামী

**তুতিকোরিন, ৭ জুন :** স্টারলাইটে তামা গলানোর প্ল্যান্টে বিস্ফোভ জানাতে গিয়ে ঘটনাস্থলেই ১৩ জনের মৃত্যু হয়। ঘটনার প্রায় ২ সপ্তাহ পরে মুখ্যমন্ত্রী কে পালানিস্বামী সেখানে যাওয়ার কথা জানিয়েছেন। ঘটনাটি ঘটেছে গত ২২ মে। পুলিশের নির্বিচার গুলিতে মৃত্যু হয়েছে ১৩ জনের। বিরোধী দলগুলির ব্যাপক সমালোচনা সত্ত্বেও এতদিন সেখানে যাননি মুখ্যমন্ত্রী। বরং তাদের সমর্থনই করেছেন।



## স্কুল ব্যাগের ভার কমাতে মাদ্রাজ হাইকোর্টের নির্দেশ

**চেন্নাই, ৭ জুন :** ছোট ছোট শিশুরা স্কুলে যাচ্ছে, কাঁধে বড় বড় ভারী ব্যাগ। ব্যাগের ভারে নুইয়ে পড়ছে শৈশব। বহু মানুষই এই দৃশ্য দেখে বিচলিত হন। যদিও অধিকাংশ পরিবারেই শিশুদের এভাবে স্কুলে পাঠাতে হয়। ফলে এই দৃশ্যটি দেখে মাদ্রাজ হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করেন এক ব্যক্তি। সেই মামলার রায় দিতে গিয়ে এদিন মাদ্রাজ হাইকোর্ট বলেছে, স্কুলব্যাগের ভার কমাতে হবে। শিশুদের স্কুলব্যাগের ভারে আর নুইয়ে পড়তে দেওয়া হবে না। এ নিয়ে একটি সমীক্ষাও চালানো হয়েছিল। সেই সমীক্ষার রিপোর্টও জমা দেওয়া হয় হাইকোর্টে। হাইকোর্ট তাদের রায়ে আরও বলেছে, ক্লাস ওয়ান আর টুতে কোনও হোমওয়ার্ক দেওয়া চলবে না শিশুদের। এই রায়কে স্বাগত জানিয়েছেন বহু বাবা-মা এবং শিশু বিশেষজ্ঞরা। তাঁদের মতে, শিশুদের ব্যাগের ভার কমানোর নির্দেশ অবশ্যই অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ প্রায় প্রতিটি স্কুলেই প্রচুর বইখাতা নিয়ে শিশুদের স্কুলে যেতে হয়। ফলে অনেক শিশুর শৈশব থেকেই এখন নানারকম রোগে আক্রান্ত হচ্ছে। তাদের মধ্যে হতাশাও চলে আসছে। শিশুদের মুক্ত মনে ঘোরাফেরার অধিকারের কথাও বলা হয়েছে।

**NOTICE INVITING TENDERS**

The Executive Engineer, Construction Division No.III. A.P.W.D., Prothrapur, invites on behalf of President of India sealed item rate tenders for following work:-

1. NIT No. 08/EE/CDIII/2018-19, **Unique No.51981**
**Name of Work:-** Construction of Rural Road for a length of 255 mtr. Opposite to Macca Pahad Masjid under CD-III.
**Estimate Cost -Rs.**35,94,131/-, Earnest Money - Rs. 71,883/- 06 (Six) Months.

2. NIT No. 09/EE/CDIII/2018-19, **Unique No.51982**
**Name of Work:-** Construction of Toe Wall Cum Drain wherever necessary for Rural Road towards Anna Nagar.
**Estimate Cost -Rs.**26,62,655/-, Earnest Money - **Rs.** 53,253/- 06 (Six) Months.

The Tender forms and other details can be obtained from the Office of the Executive Engineer on payment of Rs.500/- (Rupees Five Hundred only) respectively. The last date of receipt of application to purchase tender form will be 22-06-2018 up to 4.00 PM. Other detail/information can be seen on website www.and.nic.in

Executive Engineer,
Construction Division No-III
A.P.W.D., Prothrapur

2397/18

OFFICE OF THE SR. MEDICAL OFFICER I/C
PRIMARY HEALTH CENTRE
CHOULDARI
☎03192-289003

F. No/MO/PHC/CLD/17-18/ Dated 30th May, 2018

**E-TENDER NOTICE – 2018-19 FOR WASHING OF HOSPITAL LINENS**

The Medical Officer I/c, PHC Choudari on behalf of the President of India invites sealed quotations from the authorised contractors for the following works for a period of one year w.e.f. the date of finalization of Tender. Rates of the quotation for items may be specified against each.
Name of work: - **Washing of Hospital linens.**

1) Quotations to be placed in contractor's **letter pad**.
2) The Tender Document may be collected from the Office of the Primary Health Centre Choudari on any working day from **8.30 A.M to 5.00 P.M** or can be downloaded from Official Website of Administration i.e- eprc.andaman.gov.in.

| Sl. NO. | NAME OF ITEMS | UNITS | RATES |
|---|---|---|---|
| 1. | White Bed sheet | Nos. | |
| 2. | Counter Pan | Nos. | |
| 3. | Turkish Towel (Big) | Nos. | |
| 4. | Turkish Towel (small) | Nos. | |
| 5. | Pillow Cover | Nos. | |
| 6. | Door Curtain | Nos. | |
| 7. | Window Curtain | Nos. | |
| 8. | Screen (White/Green) | Nos. | |
| 9. | Mosquito Net | Nos. | |
| 10. | Blanket | Nos. | |
| 11. | Hand Towel | Nos. | |
| 12. | Operation Towel | Nos. | |
| 13. | Operation Gown | Nos. | |
| 14. | Pyjama (Patient) | Nos. | |
| 15. | Shirt (Patient) | Nos. | |

**TERMS AND CONDITION**

1. The sealed tenders should be **superscribed** "**Tender for washing of Hospital linens**".
2. The earnest money of Rs.2000/-(Rupees Two Thousand only) in the form of "**Pay order/DD**" from any Nationalised bank in favour of **Sr. Accounts Officer** Directorate of Health Services, Port Blair is required to be furnished along with the quotation failing which it will be rejected. Demand Draft/Cheques/Postal Order/Cash will not be accepted as EMD.
3. The approved contractor will have to execute an agreement bond for the above work and the EMD will be for-feited if work is discontinued without prior notice of 03 months.
4. The quotation should reach the office of the Medical Officer i/c, PHC Choudari on or before **08.06.2018** by **11.00 A.M** and will be opened at **01.00 P.M** on the same day in presence of quotationer if any.
5. The lowest bidder preferably by **e-tender** will be finalized on average total of all items.
6. The Director of Health Services, Port Blair reserves the right to accept or reject any quotation without assigning any reason thereof.

Sr. Medical Officer I/c
PHC Choudari

2406/18

## বর্ষণসিক্ত মুম্বই, জেট এয়ারওয়েজের বিমান মুম্বইকে এড়িয়ে যেতে বাধ্য হল আহমেদাবাদে

**মুম্বই, ৭ জুন :** মুম্বইয়ে গত ২ দিন ধরেই প্রবল বৃষ্টি চলছে। আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ১১ জুন পর্যন্ত এই বৃষ্টি চলবে। এদিকে প্রবল বর্ষণের কারণে মুম্বই শহরের মতো সান্তাক্রুজ বিমানবন্দরের বিভিন্ন রানওয়েতে জল জমে যাওয়ায় জেট এয়ারওয়েজের লন্ডন-মুম্বই উড়ান বাণিজ্যিক নগরীকে পাশ কাটিয়ে আহমেদাবাদে চলে গেল।

এদিন বেশ কিছু বিমানই মুম্বইয়ের বিমানবন্দরগুলিতে ওঠানামা করতে পারেনি। কারণ প্রবল বৃষ্টির ফলে সর্বত্র জমা জল। গত কয়েকদিন ধরেই আবহাওয়া দফতর তাদের পূর্বাভাসে জানাচ্ছিল, প্রবল বৃষ্টি হতে পারে মুম্বই ও সংলগ্ন অঞ্চলগুলিতে। আগামী ১১ জুন পর্যন্ত এই বৃষ্টির কথাও শুনিয়েছে আবহাওয়া দফতর।

প্রাক্-বর্ষার এই বৃষ্টির মূল কারণ আরব সাগরে উদ্ভূত একটি নিম্নচাপ। প্রবল বৃষ্টির কারণে বন্ধে পুর কর্পোরেশন শনি ও রবিবার সব অফিসার ও কর্মীর ছুটি বাতিল করেছে। কারণ বিভিন্ন জায়গায় ইতিমধ্যেই যেভাবে জল জমতে শুরু করেছে, তাতে আগামী কয়েকদিন বৃষ্টির পরিমাণ একই থাকলে পরিস্থিতি ঘোরালো হতে পারে। সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ১৫ মিলিমিটার বৃষ্টি হয়েছে মুম্বইয়ের কুরলা অঞ্চলে। এছাড়া চেম্বুরে ১৩ মিলিমিটার, গোরেগাঁওতে ২৬ মিলিমিটার এবং মালাদে ১৮ মিলিমিটার বৃষ্টি হয়েছে। ভারতীয় আবহাওয়া দফতরের দাবি, বর্ষা এবার একটু আগেও এসেছে মুম্বইতে। এর প্রধান কারণ উপকূলবর্তী কর্নাটকে প্রবল বৃষ্টি। গোয়া ও দক্ষিণ কর্নাটকের উপকূলবর্তী অঞ্চলেও প্রবল বৃষ্টি হচ্ছে। ১০ জুন থেকে বৃষ্টির মাত্রা আরও বাড়তে পারে বলে জানা গেছে। উত্তর উপকূলবর্তী মহারাষ্ট্রেও বৃষ্টি বাড়ার সম্ভাবনা আগামীকাল থেকে। এই পরিপ্রেক্ষিতে মৎস্যজীবীদের সমুদ্রে মাছ ধরতে যাওয়ার ওপর নিষেধাজ্ঞা জারি হয়েছে।